

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২২৩

التجارات) ३२/ व्यवमा-वानिज्य

পরিচ্ছেদঃ ১২/৩৫. পুরাপুরি ওজন ও পরিমাপ করা।

بَابِ التَّوَقِّي فِي الْكَيْلِ وَالْوَزْنِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ بِشْرِ بْنِ الْحَكَمِ، وَمُحَمَّدُ بْنُ عَقِيلِ بْنِ خُويْلِدِ، قَالاَ حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْحُسَيْنِ بْنِ وَاقِدٍ، حَدَّثَنِي أَبِي، حَدَّثَنِي يَزِيدُ النَّحْوِيُّ، أَنَّ عِكْرِمَةَ، حَدَّثَهُ عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ لَمَّا قَدِمَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - الْمَدِينَةَ كَانُوا مِنْ أَخْبَثِ النَّاسِ كَيْلاً فَأَنْزَلَ اللَّهُ سُبْحَانَهُ (وَيْلُ لِلْمُطَفِّفِينَ) فَأَحْسَنُوا الْكَيْلَ بَعْدَ ذَلِكَ .

বাংলা

১/২২২৩। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মদীনায় আসেন তখন লোকেরা মাপে কারচুপি করতো। অতএব মহান আল্লাহ এ আয়াত নাযিল করেন (অনুবাদ) ''মন্দ পরিণাম তাদের জন্য যারা মাপে কম দেয়'' (৮৩ঃ১)। এরপর থেকে তারা ঠিকভাবে ওযন করে।

English

It was narrated that Ibn 'Abbas said:

"When the Prophet (ﷺ) came to Al-Madinah, they were the worst people in weights and measures. Then Allah, Glorious is He revealed: "Woe to the Mutaffifun (those who give less in measure and weight)", and they were fair in weights and measures after that.

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. আব্দুর রহমান বিন বিশর ইবনুল হাকাম সম্পর্কে আবু জা'ফার আত তাহাবী বলেন, তিনি নায়সাবুর এর উলামাদের মাঝে একজন, তারা তাকে সিকাহ বলেছেন। ইবনু আবু



হাতিম আর-রায়ী বলেন, তিনি সত্যবাদী ও সিকাহ। মুহাম্মাদ বিন সালিহ বলেন, তিনি সত্যবাদী। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৭৬৫, ১৬/৫৪৫ নং পৃষ্ঠা) ২. আলী ইবনুল হুসায়ন বিন ওয়াকিদ সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪০৫২, ২০/৪০৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন